

সম্মানিত পরিচালকের প্রতি নির্দেশনা

০১. জিলা পর্যায়ের প্রতিযোগিতা সম্পূর্ণরূপে আপনার নেতৃত্বে পরিচালিত হবে।
০২. প্রতিযোগিতা পরিচালনার সুবিধার্থে আপনার পছন্দমত ফাজিল বা তদুর্ধ্ব মাদরাসার একজন অধ্যক্ষ/শিক্ষক কে সহকারী পরিচালক মনোনয়ন দিবেন।
০৩. বিচারকার্য পরিচালনার জন্য যোগ্য, দক্ষ ও সৎ এরূপ ৩ জন বিচারক নির্ধারণ করতে হবে।
০৪. অনুষ্ঠান স্থলে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রদত্ত ব্যানার লাগাতে হবে।
০৫. অনুষ্ঠানে দর্শক উপস্থিত থাকতে পারবে।
০৬. অংশগ্রহণঃ ফাজিল মাদরাসা হতে ০১ জন, ফাজিল অনার্স মাদরাসা হতে ০৩ জন, কামিল মাদরাসা হতে ০২ জন।
০৭. প্রতিযোগিতা শুরুর কমপক্ষে ১ঘন্টা পূর্বে প্রতিযোগীদের নাম তালিকাভুক্ত করতে হবে।
০৮. প্রত্যেক প্রতিযোগীর জন্য সময় বরাদ্দ থাকবে ৪ মিনিট।
০৯. ভুলবশত বা অনাকাঙ্ক্ষিতভাবে কোন প্রতিযোগী যেন প্রতিযোগিতায় অংশগ্রহণ করা থেকে যেন বাদ না পড়ে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
১০. প্রতিযোগিতা শেষ হওয়ার পরপরই ফলাফল প্রকাশ করতে হবে এবং বিজয়ীদেরকে পুরস্কার প্রদান করতে হবে।
১১. অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্যে ২৫% জনকে বিজয়ী ঘোষণা করতে হবে এবং তারা পুরস্কার পাবে।
১২. জিলা পর্যায়ে বিজয়ীদের তালিকা তৈরী করে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির নিকট প্রদান করতে হবে।
১৩. বিচারকগণের সামনে টেবিলে ০২টি বক্স থাকবে। ০১ নং বক্সে থাকবে আরবিতে বক্তৃতার বিষয়, ০২ নং বক্সে থাকবে ইসলামি জ্ঞানের বিষয়। প্রতিযোগী বিচারকের সামনে নিজ হাতে প্রথমে আরবিতে বক্তৃতার বিষয় তুলবে এবং সেই বিষয়ে আরবিতে বক্তৃতা করবে অতঃপর ০২ নং বক্স হতে ইসলামি জ্ঞানের বিষয় তুলবে এবং বাংলায় বিষয়ের উত্তর দিবে।
১৪. সর্বক্ষেত্রে বিচারকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৫. অনুষ্ঠান প্রচারের জন্য সাংবাদিকদের আমন্ত্রণ করা যাবে।
১৬. পরিচালক, সহকারী পরিচালক ও বিচারকগণ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে সম্মানী পাবেন।

স্বাক্ষরিত/-

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়